গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি

জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মৌলভীবাজার।

অর্থ বছরঃ ২০২৬-২৭

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
সেকশন ১: ভিশন, মিশন এবং ৩ (তিন) বছর মেয়াদী পরিকল্পনা	০৩-০৪
সেকশন ২: ৩ (তিন) বছর মেয়াদী পরিকল্পনার ভিত্তিতে বিবেচ্য বছরের কর্মসম্পাদন লক্ষমাত্রা (Performance/Output Target)	০৫-০৬
সেকশন ৩: জেলা কার্যালয়ের কৌশলগত বিষয়সমূহ সংক্রান্ত স্ট্রাটেজিক নোট/প্রতিবেদন	০৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	০৮
সংযোজনী ২: বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে)।	০৯
সংযোজনী ৩: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	
সংযোজনী ৪: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১০

ভিশন, মিশন এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা

১.১ **ভিশনঃ** দেশের অর্থনৈতিক উন্নয়ন ও জনগণের আর্থ-সামাজিক নিরাপত্তা সহায়ক আধুনিক সঞ্চয় ব্যবস্থাপনা।

১.২ **মিশনঃ**দেশের অর্থনৈতিক উন্নয়ন ও জনগণের আর্থ-সামাজিক নিরাপত্তার লক্ষ্যে জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ ও সঞ্চয় প্রশাসনের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে একটি আধুনিক ও জনবান্ধব সঞ্চয় ব্যবস্থাপনা।

১.৩ তিন (৩) বছর মেয়াদী পরিকল্পনা (বিস্তারিত পরিকল্পনা সংযোজনী-২)

জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, সিলেট- এর ৩ (তিন) বছর মেয়াদী পরিকল্পনার ছকঃ

ক্র.নং	কার্যক্রম	কার্যক্রমের লক্ষ্যমাত্রা		
		২০২৬-২০২৭	২০২৭-২০২৮	২০২৮-২০২৯
০১	জাতীয় সঞ্চয়স্কিমের লক্ষ্যমাত্রা অর্জন	১। জাতীয় সঞ্চয়স্কিমের লক্ষ্যমাত্রার ৪০অর্জন %	১। জাতীয় সঞ্চয়স্কিমের লক্ষ্যমাত্রার ৪২অর্জন %	১। জাতীয় সঞ্চয়স্কিমের লক্ষ্যমাত্রার ৪৫অর্জন %
০২	দাপ্তরিক সুশাসন নিশ্চিতকরণ	১। জেলা সঞ্চয় অফিস/ ব্যুরোর কার্যক্রম ডি-নথির মাধ্যমে ৪০% সম্পন্নকরণ। ২। GRS এর মাধ্যমে ৭০% অভিযোগ নিষ্পত্তিকরণ।	১। জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরোর কার্যক্রম ৫০% ডি-নথির মাধ্যমে সম্পন্নকরণ ২। GRS এর মাধ্যমে ৭৫অভিযোগ % নিষ্পত্তিকরণ	১। জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরোর কার্যক্রম ৬০% ডি-নথির মাধ্যমে সম্পন্নকরণ ২। GRS এর মাধ্যমে ৮০ অভিযোগ % নিষ্পত্তিকরণ
০৩	বাজেট প্রণয়ন ও ব্যয় ব্যবস্থাপনা পরিবীক্ষণ	১। বাজেটের বার্ষিক ক্রয় পরিকল্পনার ৫০বাস্তবায়ন %	১। বাজেটের বার্ষিক ক্রয় পরিকল্পনার ৬০% বাস্তবায়ন	১। বাজেটের বার্ষিক ক্রয় পরিকল্পনার ৭০ % বাস্তবায়ন
০৪	প্রচার-প্রচারণা সংক্রান্ত কার্যক্রম	১। সঞ্চয় সপ্তাহ আয়োজন ২। গণশুনানি আয়োজন ৩। উঠান বৈঠক আয়োজন ৪।অনলাইন পোর্টাল হালনাগাদকরণ।	১। সঞ্চয় সপ্তাহ আয়োজন ২। গণশুনানি আয়োজন ৩। উঠান বৈঠক আয়োজন ৪।অনলাইন পোর্টাল হালনাগাদকরণ	১। সঞ্চয় সপ্তাহ আয়োজন ২। গণশুনানি আয়োজন ৩। উঠান বৈঠক আয়োজন ৪।অনলাইন পোর্টাল হালনাগাদকরণ
০৫	অডিট আপত্তি নিষ্পত্তি।	১। অডিট আপত্তি ৪০ % নিষ্পত্তিকরণ ২। অডিট কার্যক্রম হালনাগাদ এর ব্যবস্থা গ্রহণ ৩। নিজ অফিসের অভ্যন্তরীণ অডিট কার্যক্রম সম্পন্নকরণ	১। অডিট আপত্তি ৪৫ % নিষ্পত্তিকরণ ২। নতুন আপত্তির ৩০ % নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ ৩। নিজ অফিসের অভ্যন্তরীণ অডিট কার্যক্রম সম্পন্নকরণ	১। অডিট আপত্তি ৫০ % নিষ্পত্তিকরণ ২। নতুন আপত্তি ৪০ % নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ ৩।নিজ অফিসের অভ্যন্তরীণ অডিট কার্যক্রম সম্পন্নকরণ

০৬	দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ	১। জাতীয় সঞ্চয়স্কিম নীতিমালা- বিধিমালা সম্পর্কে প্রশিক্ষণ। ২। বাজেট প্রণয়ন ও ব্যয় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ। ৩। GPMS সম্পর্কিত কর্মশালা ৪। সরকারী কর্মচারী -শৃঙ্খলা ও আপীল ২০১৮ ,বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ। ৫। এসিআর সম্পর্কিত প্রশিক্ষণ ৬।কর্মকর্তা- কর্মচারীদের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ।	১। জাতীয় সঞ্চয়স্কিম নীতিমালা, বিধিমালা সম্পর্কে প্রশিক্ষন ২। বাজেট প্রণয়ন ও ব্যয় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ ৩। GPMS সম্পর্কিত কর্মশালা ৪। সরকারী কর্মচারী - শৃঙ্খলা ও আপীল বিষয়ক ২০১৮ ,বিধিমালা প্রশিক্ষণ। ৫। এসিআর সম্পর্কিত প্রশিক্ষণ ৬।কর্মকর্তা- কর্মচারীদের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ।	১। জাতীয় সঞ্চয়স্কিম নীতিমালা বিধিমালা সম্পর্কে প্রশিক্ষণ ২। বাজেট প্রণয়ন ও ব্যয় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ ৩। GPMS সম্পর্কিত কর্মশালা ৪। সরকারী কর্মচারী -শৃঙ্খলা ও আপীল ২০১৮ ,বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ। ৫। এসিআর সম্পর্কিত প্রশিক্ষণ ৬।কর্মকর্তা- কর্মচারীদের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ।

সেকশন-২
(২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)

কর্মসম্পাদন ক্ষেত্র	জেলা কার্যালয়ের পরিকল্পনার ক্রমিক	কার্যক্রম/ফলাফল নির্দেশক	নির্দেশকের মান	পরিমাপক এর একক	প্রকৃত অর্জন (বিগত বছরের)	লক্ষমাত্রা (বিবেচ্য বছরের)
১	২	৩	৪	৫	৬	৭
১) সেবা প্রদান Service Delivery)	১	[১.১] সিটিজেন চার্টার হালনাগাদ ও ওয়েবসাইটে প্রকাশ	৫	রিপোর্ট		৩০-০৯-২০২৬ ৩১-১২-২০২৬ ৩১-০৩-২০২৭ ৩০-০৬-২০২৭
	১	[১.২] সঞ্চয় সপ্তাহ আয়োজন।	৪	সংখ্যা		১
	১	[১.৩] গণশুনানীর আয়োজন	৪	সংখ্যা		২
	১	[১.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা সফটওয়্যার-এ দাখিলকৃত নিষ্পত্তিকরণ	৪	%		৮০%
	১	[১.৫]অনলাইন পোর্টাল হালনাগাদকরণ	৩	তারিখ		৩১-১২-২০২৬ ৩০-০৬-২০২৭
২) নীতি ও সংস্কার (policy and Reform Activity)	২	[২.১] অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন	৩	সংখ্যা		১ টি
	২	[২.২] জাতীয় সঞ্চয় স্কিমের বিধিমালা ও নীতিমালা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	১০	সংখ্যা		১ টি
	২	[২.৩]ইনোভেশন কর্ণার স্থাপন	২	তারিখ		৩০-০৬-২০২৭
৩) প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা (Institutional Capacity and Efficiency)	৩	[৩.১] সঞ্চয়পত্র বিক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জন	৫	%		৪০%
	৩	[৩.২] কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ	৫	সংখ্যা		১
	৩	[৩.৩] জেলা সঞ্চয় অফিস ও বিশেষ ব্যুরোসমূহের কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্নকরণ	৫	%		৪০%
	৩	[৩.৪] বাজেট প্রণয়ন ও ব্যয় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ	৫	সংখ্যা		১ টি
	৩	[৩.৫] GPMS সম্পর্কিত কর্মশালা	৫	সংখ্যা		১ টি

	৩	[৩.৬] এসিআর সম্পর্কিত প্রশিক্ষণ	৫	সংখ্যা		১ টি
৪) উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম (Development Related and Other Activities)	৪	[৪.১] কোয়ার্টার ভিত্তিক ব্যয় এর মধ্যে সামঞ্জস্যকরণ	৫	সংখ্যা		প্রতি কোয়ার্টারভিত্তিক রিপোর্ট
	৪	[৪.২] বাজেট বাস্তবায়ন অগ্রগতি কোয়ার্টারভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ	৫	সংখ্যা		প্রতি কোয়ার্টারভিত্তিক রিপোর্ট
	৪	[৪.৩] ২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	৫	তারিখ		৩১-০৭-২০২৬

সেকশন ৩

জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মৌলভীবাজার -এর কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন

কৌশলগত নোট/প্রতিবেদন

১. জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মৌলভীবাজার - এর প্রেক্ষাপটে কৌশলগত পরিকল্পনার গুরুত্ব:

বর্তমান বিশ্বে অর্থনৈতিক স্থিতিশীলতা ও টেকসই উন্নয়নের জন্য সঞ্চয়ের গুরুত্ব অপরিসীম। বাংলাদেশসহ উন্নয়নশীল দেশগুলোতে জনগণের ক্ষুদ্র সঞ্চয়কে জাতীয় উন্নয়নে যুক্ত করার অন্যতম কার্যকর মাধ্যম হলো সঞ্চয়পত্র। এটি যেমন সাধারণ মানুষের ভবিষ্যৎ নিরাপত্তা নিশ্চিত করে, তেমনি রাষ্ট্রীয় উন্নয়ন কর্মকান্ডের অর্থায়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ব্যক্তিগত সঞ্চয় যেমন ভবিষ্যতের নিরাপত্তা নিশ্চিত করে, তেমনি এই সঞ্চয় যখন সরকারী ব্যবস্থাপনায় বিনিয়োগে রূপ নেয়, তখন তা দেশের সামগ্রিক উন্নয়নে ভূমিকা রাখে। বাংলাদেশের প্রেক্ষাপটে সঞ্চয়পত্র একটি গুরুত্বপূর্ণ আর্থিক উপকরণ, যা জনগণের ক্ষুদ্র সঞ্চয়কে রাষ্ট্রীয় উন্নয়ন প্রক্রিয়ার সাথে যুক্ত করে।

বর্তমান বিশ্বব্যাপী অস্থির অর্থনৈতিক পরিস্থিতিতে, যেখানে বৈদেশিক মুদ্রার চাপ, মুদ্রাস্ফীতি ও বেকারত্বের হার বৃদ্ধি পাচ্ছে, সেখানে সঞ্চয়পত্র রাষ্ট্রের অভ্যন্তরীণ অর্থসংগ্রহের একটি নির্ভরযোগ্য ও জনপ্রিয় উপায় হয়ে উঠেছে। সঞ্চয়পত্র হলো সরকারের ইস্যুকৃত এক ধরণের বিনিয়োগ যেখানে ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্দিষ্ট মেয়াদে অর্থ জমা রাখে এবং মেয়াদ শেষে নির্দিষ্ট হারে মুনাফা পায়। এটি একদিকে বিনিয়োগকারীর জন্য নিরাপদ ও ঝুঁকিমুক্ত আয়ের উৎস, অন্যদিকে সরকারের জন্য অভ্যন্তরীণ উৎস থেকে ঋণ গ্রহণের উপায়।

বর্তমানে বাংলাদেশের অর্থনীতি একদিকে প্রবৃদ্ধির ধারা বজায় রাখছে, অন্যদিকে বৈশ্বিক অর্থনৈতিক মন্দা, ডলার সংকট, জ্বালানি মূল্যের বৃদ্ধি ও মুদ্রাস্ফীতির মত চ্যালেঞ্জের মুখে পড়েছে। এই পরিস্থিতিতে সরকারকে উন্নয়ন ব্যয় ও বাজেট ঘাটতি পূরণের জন্য দেশীয় উৎস থেকে অর্থ সংগ্রহ করতে হচ্ছে। ব্যাংক ঋণ বা বিদেশের তুলনায় সঞ্চয়পত্র সরকারকে তুলনামূলকভাবে সহজ স্থিতিশীল ও কম শর্ত যুক্ত অর্থায়নের সুযোগ দেয়। ফলে সঞ্চয় রাষ্ট্রীয় অর্থ ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

বাংলাদেশের জনসংখ্যার একটি বড় অংশ এখনো নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণীর অন্তর্ভুক্ত। তাদের অনেকেই ব্যাংক বা পুঁজিবাজারে বিনিয়োগে আগ্রহী নয়, কারণ সেখানে ঝুঁকি তুলনামূলকভাবে বেশি। কিছু সঞ্চয়পত্রে বিনিয়োগ নিরাপদ এবং সহজ হওয়ায় সাধারণ মানুষ এতে সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলে। এর ফলে একদিকে ব্যক্তিগত অর্থনৈতিক নিরাপত্তা তৈরি হয়, অন্যদিকে জাতীয় সঞ্চয়ের হার বৃদ্ধি পায়।

অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী, নারী, প্রবীণ নাগরিক এবং ক্ষুদ্র মানুষদের জন্য সঞ্চপত্র একটি গুরুত্বপূর্ণ আয়ভিত্তি তৈরি **করে। প্রতি মাসে মাত্র ত্রৈমাসিকে পাওয়া মুনাফা** জীবনে স্থিতি আনে। এটি সমাজে আর্থিক অনিশ্চয়তা ও নির্ভরশীলতা কমায় এবং মানুষকে আত্মনির্ভর হতে সাহায্য করে। পরিবার সঞ্চয়পত্রে নারী বিনিয়োগকারীদের জন্য বিশেষ মুনাফা ও শর্তহীন বিনিয়োগের সুযোগ দেওয়া হয়েছে। এটি নারীদের আর্থিকভাবে স্বাবলম্বী হতে সাহায্য করছে এবং তাদের সমাজে মর্যাদা ও আত্মবিশ্বাস বাড়াচ্ছে।

সঞ্চয়পত্রের মাধ্যমে জনগণের হাতে থাকা অতিরিক্ত নগদ অর্থ সরকারের নিয়ন্ত্রণে আসে। এতে বাজারে অর্থের প্রবাহ কিছুটা কমে গিয়ে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সহায়তা করে। অর্থাৎ এটি মুদ্রানীতির ভারসাম্য রক্ষায়ও ভূমিকা রাখে। বাংলাদেশে অর্থনৈতিক প্রবৃদ্ধি অব্যাহত থাকায় সঞ্চয়পত্রের চাহিদা আগামী বছরগুলোতে আরও বৃদ্ধি পাবে। ডিজিটাল সঞ্চয়পত্র চালুর মাধ্যমে দূরবর্তী জনগোষ্ঠীও এতে যুক্ত হতে পারবে। এটি সরকারের উন্নয়ন ব্যয় মেটাতেই নয়, বরং একটি আধুনিক অর্থনৈতিক কাঠামো গড়ে তুলতেও সহায়তা করবে।

সঞ্চয়পত্র আজ শুধু একটি বিনোয়োগ মাধ্যম নয়, এটি রাষ্ট্রের অর্থনৈতিক স্থিতিশীলতা ও নাগরিক নিরাপত্তার প্রতীক। জনগণের ক্ষুদ্র সঞ্চয়কে জাতীয় উন্নয়ন প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করে সঞ্চয়পত্র বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের এক অনন্য মাধ্যম হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছে। সঠিক নীতি, স্বচ্ছতা ও প্রযুক্তির সমন্বয়ের মাধ্যমে এই ব্যবস্থাকে আরও শক্তিশালী করা গেলে তা বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের অন্যতম ভিত্তি হয়ে উঠবে।

সংযোজনীসমূহঃ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

ক্রমিক নং	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	PPA	The Public Procurement Act
২	PPR	The Public Procurement Rules
৩	GPMS	Government Performance Monitoring System
৪	ACR	Annual Confidential Report
৫	GRS	Grievance Redress System

সংযোজনী ২: বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য নয়)

সংযোজনী ৩: কর্মসম্পাদন প্রমাণক

ক্র. নং	ফলাফল নির্দেশক কার্যক্রম	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
১	সিটিজেন চার্টার হালনাগাদ ও ওয়েবসাইটে প্রকাশ	হালনাগাদ ও ওয়েবসাইটে প্রকাশিত কোয়ার্টার ভিত্তিক রিপোর্ট
২	সঞ্চয় সপ্তাহ আয়োজন	সঞ্চয় সপ্তাহ আয়োজনের প্রতিবেদন
৩	গণশুনানীর আয়োজন	গণশুনানীর প্রতিবেদন
৪	উঠান বৈঠক আয়োজন	উঠান বৈঠক আয়োজনের প্রতিবেদন
৫	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সফটওয়্যার এ দাখিলকৃত অভিযোগ নিষ্পত্তিকরণ	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সফটওয়্যার এর রিপোর্ট
৬	অনলাইন পোর্টাল হালনাগাদকরণ	অনলাইন পোর্টাল হালনাগাদকরণের রিপোর্ট
৭	অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন	সভার নোটিশ, কার্যবিবরণী
৮	জাতীয় সঞ্চয় স্কিমের বিধিমালা ও নীতিমালা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের নোটিশ, প্রশিক্ষণের বিষয় ও অংশগ্রহনকারীর তথ্য সম্বলিত সামারি শিট
৯	ইনোভেশন কর্ণার স্থাপন	ইনোভেশন কর্ণার স্থাপনের স্থিরচিত্র সম্বলিত প্রতিবেদন
১০	সঞ্চয়পত্র বিক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জন	লক্ষ্যমাত্রা অর্জনের প্রতিবেদন
১১	জেলা সঞ্চয় অফিস ও বিশেষ ব্যুরোসমূহের কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্নকরণ	ডি-নথিতে নিষ্পন্ন নথির প্রতিবেদন
১২	বাজেট প্রণয়ন ও ব্যয় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ	প্রশিক্ষণের নোটিশ, প্রশিক্ষণের বিষয় ও অংশগ্রহনকারীর তথ্য সম্বলিত সামারি শিট
১২	কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ	প্রশিক্ষণের নোটিশ, প্রশিক্ষণের বিষয় ও অংশগ্রহনকারীর তথ্য সম্বলিত সামারি শিট
১৩	GPMS সম্পর্কিত কর্মশালা	কর্মশালার নোটিশ, কর্মশালার বিষয় ও অংশগ্রহনকারীর তথ্য সম্বলিত সামারি শিট
১৪	এসিআর সম্পর্কিত প্রশিক্ষণ	প্রশিক্ষণের নোটিশ, প্রশিক্ষণের বিষয় ও অংশগ্রহনকারীর তথ্য সম্বলিত সামারি শিট
১৫	আওতাধীন অফিসসমূহে ব্যয় ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম সম্পন্নকরণ	আওতাধীন অফিসসমূহে ব্যয় ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম সম্পন্নকরণ প্রতিবেদন
১৬	কোয়ার্টার ভিত্তিক ব্যয় এর মধ্যে সামঞ্জস্যকরণ	কোয়ার্টার ভিত্তিক ব্যয় এর মধ্যে সামঞ্জস্যকরণ প্রতিবেদন
১৭	বাজেট বাস্তবায়ন অগ্রগতি কোয়ার্টারভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ	বাজেট বাস্তবায়ন অগ্রগতি কোয়ার্টারভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ এর রিপোর্ট
১৮	২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ এর রিপোর্ট

সংযোজনী ৪: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ (Activities related/ dependent to other offices)

ক্রমিক নং	ফলাফল নির্দেশক কার্যক্রম	যে সকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/ নির্ভরশীল	সংশ্লিষ্ট / নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল
১	সিটিজেন চার্টার হালনাগাদ ও ওয়েবসাইটে প্রকাশ		
২	সঞ্চয় সপ্তাহ আয়োজন	জাতীয় সঞ্চয় অধিদপ্তর	
৩	গণশুনানীর আয়োজন		
৪	উঠান বৈঠক আয়োজন		
৫	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সফটওয়্যার এ দাখিলকৃত অভিযোগ নিষ্পত্তিকরণ		
৬	অনলাইন পোর্টাল হালনাগাদকরণ		
৭	অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন	সঞ্চয়পত্র সম্পর্কিত অংশীজন(গ্রাহক,বাংলাদেশ ব্যাংক,পোস্ট অফিস,তফসিলী ব্যাংক)	
৮	জাতীয় সঞ্চয় স্কিমের বিধিমালা ও নীতিমালা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন		
৯	সঞ্চয়পত্র বিক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জন		
১০	কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ		
১১	জেলা সঞ্চয় অফিস ও বিশেষ ব্যুরোসমূহের কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্নকরণ		
১২	বাজেট প্রণয়ন ও ব্যয় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ		
১৩	GPMS সম্পর্কিত কর্মশালা		
১৪	এসিআর সম্পর্কিত প্রশিক্ষণ		
১৫	আওতাধীন অফিসসমূহে ব্যয় ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম সম্পন্নকরণ		
১৬	কোয়ার্টার ভিত্তিক ব্যয় এর মধ্যে সামঞ্জস্যকরণ		
১৭	বাজেট বাস্তবায়ন অগ্রগতি কোয়ার্টারভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ		
১৮	২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ		

১৮/০৫/২০২৬

সঞ্চয় অফিসার

জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, মৌলভীবাজার।